

Visit of External Affairs Minister to the Republic of Kenya (June 12-14, 2021)

June 08, 2021

পররাষ্ট্রমন্ত্রীর কেনিয়া প্রজাতন্ত্র সফর (জুন 12-14, 2021)

জুন 08, 2021

পররাষ্ট্রমন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর, 2021 এর 12 থেকে 14 জুন পর্যন্ত কেনিয়া প্রজাতন্ত্রে এক সরকারী সফরে যাবেন। তিনি ও কেনিয়ায় তার সমপদস্থ আধিকারিকের সাথে, ভারত-কেনিয়া যৌথ কমিশনের তৃতীয় বৈঠকের সভাপতিত্ব করবেন, এবং দ্বিপাক্ষিক সম্পর্কের যাবতীয় প্রেক্ষিত পর্যালোচনা করবেন। যৌথ কমিশনের শেষ সভা 2019 সালের মার্চ মাসে নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়েছিল।

ভারত-কেনিয়ার সম্পর্কের অগ্রগতির স্বার্থে নাইরোবিতে, ডঃ জয়শঙ্কর কেনিয়া সরকারের অন্যান্য মন্ত্রীদের সাথেও বৈঠক করবেন। দু'দেশের সম্পর্কের গুরুত্বপূর্ণ এবং উন্নয়নমূলক সহযোগিতার ক্ষেত্রে এই সফরের ভূমিকা অপরিসীম। দু'দেশের মধ্যে গুরুত্বপূর্ণ সেতু গঠনকারী ক্রমবর্ধমান ভারতীয় বংশোদ্ভূত সম্প্রদায়ের সাথেও মন্ত্রীরা মতবিনিময় করবেন।

ভারত ও কেনিয়া বর্তমানে ইউনাইটেড নেশন সিকিউরিটি কাউন্সিলে দায়িত্ব পালন করছে। কমনওয়েলথেরও সদস্য দুই দেশ। আফ্রিকান ইউনিয়নের সক্রিয় সদস্য, কেনিয়ার সাথে ভারতের দীর্ঘদিনের সুসম্পর্ক বর্তমান।

নিউ দিল্লি

জুন 08, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.